কালের কণ্ঠ

তারিখ 30 JAN 2016
পৃষ্ঠা ১৬ কলাম ৩

# স্কুলমাঠে সবজির হাট

নিজস্ব প্রতিবেদক, রাজশাহী ▷

রাজশাহীর পবা উপজেলায় মাসকাটাদীঘি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে বসানো হয়েছে স্থায়ী সবজির হাট। স্থানীয় কিছু প্রভাবশালী ব্যবসায়ী রীতিমতো টিনের চালা তুলে স্কুলের মাঠ দখল করেছে। ফলে ওই স্কুলের শিক্ষা পরিবেশ যেমন নষ্ট হচ্ছে, তেমনি বন্ধ হয়ে গেছে কোমলমতি শিক্ষার্থীদের খেলাধুলা। এ নিয়ে শিক্ষক-অভিভাবকদের মধ্যে চরম ক্ষোভের সৃষ্টি হয়েছে। হাটের কোলাহল থেকে রক্ষা পেতে স্কুলের একটি ভবনের বারান্দায় গ্রিল দিতে বাধ্য হয়েছে স্কুল কর্তৃপক্ষ।

এলাকাবাসী সূত্রে জানা যায়, কাটাখালী এলাকায় মাসকাটাদীঘি সপ্তাহে শুক্র ও সোমবার দুই দিন সবজির হাট বসে। দুই দিন বাজার হলেও মাঠের দক্ষিণ পাশে কয়েকটি সবজির দোকান সব সময় খোলা থাকে। এ ছাড়া সব ধরনের দোকান তো রয়েছেই। কাটাখালী পৌরসভার মেয়র ও কাটখালী বাজার দোকান মালিক সমিতির সভাপতি আব্বাস আলী বলেন, 'এই হাট তো আর আজকালের না। এটা অনেক দিনের। স্কুলের মাঠে যে ব্যবসায়ীরা ব্যবসা করেন তাঁদের সঙ্গে স্কুলের সমন্বয় করা আছে।'